

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭২৪৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৯৩১]
৫৪। বিভিন্ন ফিতনাহ ও কিয়ামতের লক্ষনসমূহ (১৯০১)
পরিচ্ছেদঃ ১৯. ইবনু সাইয়াাদ এর বর্ণনা

باب ذِكْرِ ابْنِ صَيَّادِ

## আরবী

وَقَالَ سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عُمْرَ، يَقُولُ انْطَلَقَ بَعْدَ ذَلِكَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم وَأُبَىُ بْنُ كَعْبِ الْأَنْصَارِيُّ إِلَى النَّخْلِ النَّتِي فِيهَا ابْنُ صَيَّادٍ حَتَّى إِذَا دَخَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم النَّخْلَ طَفِقَ يَتَّقِي بِجُذُوعِ النَّخْلِ وَهُوَ يَخْتِلُ أَنْ يَرَاهُ ابْنُ صَيَّادٍ فَرَآهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه يسمْعَ مِنِ ابْنِ صَيَّادٍ شَيْئًا قَبْلَ أَنْ يَرَاهُ ابْنُ صَيَّادٍ فَرَآهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ يَتَّقِي بِجُذُوعِ النَّخْلِ فَقَالَت لْإِبْنِ صَيَّادٍ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم وَهُوَ يَتَّقِي بِجُذُوعِ النَّخْلِ فَقَالَت لْإِبْنِ صَيَّادٍ يَا صَافٍ \_ وَهُو اللهُ عليه وسلم وَهُوَ يَتَّقِي بِجُذُوعِ النَّخْلِ فَقَالَت لْإِبْنِ صَيَّادٍ يَا صَافٍ \_ وَهُو اللهُ عليه وسلم الله عليه وسلم وَهُوَ يَتَّقِي بِجُذُوعِ النَّخْلِ فَقَالَت لْإِبْنِ صَيَّادٍ يَا صَافٍ \_ وَهُو اللهُ عليه وسلم الله عليه وسلم قَمْ مُثَنَّدُ بَيْنَ " لَوْ تَرَكَتُهُ بَيَّنَ "

## বাংলা

৭২৪৫-(.../২৯৩১) সালিম ইবনু আবদুল্লাহ (রহঃ) বলেন, আমি আবদুল্লাহ ইবনু উমার (রাযিঃ) কে বলতে শুনেছি, অতঃপর রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং উবাই ইবনু কা'ব আনসারী (রাযিঃ) সে বাগিচার দিকে চললেন, যেখানে ইবনু সাইয়্যাদ বসবাস করত। বাগিচার মধ্যে এসে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গাছের আড়ালে লুকাতে চেষ্টা করছিলেন, যাতে ইবনু সাইয়্যাদ তাকে দেখার আগেই তিনি তার কথা শুনে নেন। তারপর রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখলেন যে, সে তার বিছানায় একটি মখমলের চাদর গায়ে দিয়ে তয়ে আছে এবং তার গুনগুন আওয়াজ শুনা যাচ্ছে। এদিকে ইবনু সাইয়্যাদের মা রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখল যে, তিনি গাছের আড়ালে লুকানোর চেষ্টা করছেন। সে হঠাৎ ইবনু সাইয়্যাদকে বলে উঠল, হে সাফ! এটা ইবনু সাইয়্যাদ এর নাম। মুহাম্মাদ এসে গেছে। এ কথা শুনতেই ইবনু সাইয়্যাদ বিছানা ছেড়ে উঠে দাড়িয়ে গেল। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তার মা তাকে সতর্ক না করলে সে রহস্য উদেঘাটিত হতো। (ইসলামিক ফাউন্ডেশন ৭০৯০, ইসলামিক সেন্টার ৭১৪৪)



## **English**

'Abdullah b. 'Umar further narrated that after some time Allah's Messenger (\*) and Ubayy b. Ka'b went towards the palm trees where Ibn Sayyad was. When Allah's Messenger (\*) went near the tree he hid himself behind a tree with the intention of hearing something from Ibn sayyad before Ibn Sayyad could see him, but Allah's Messenger (\*) saw him on a bed with a blanket around him from which a murmuring sound was being heard and Ibn Sayyad's mother saw Allah's Messenger (\*) behind the trunk of the palm tree. She said to Ibn Sayyad: Saf (that being his name), here is Muhammad. Thereupon Ibn Sayyad jumped up murmuring and Allah's Messenger (\*) said: If she had left him alone he would have made things clear.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন